

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ১৩.০১.৭০৮৮.০০০.৫৭.০৭৩.২৫. ১৩৬

তারিখ: ২১/০১/২০২৬ খ্রি.

বিষয়: খাদ্যবান্ধব কর্মসূচিতে বর্ধিত নতুন ভোক্তাদের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের ১৪/০১/২০২৬ খ্রি. তারিখের ১৩.০০.০০০০.০০০.০৪৬.৫১.০০০১.১৭.১০ নং স্মারক এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ের ১৮/০১/২০২৬ খ্রি. তারিখের ১৩.০১.৭০০০.০০৮.৪৫.০০০.২৪.১৩১ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিবগঞ্জ উপজেলায় খাদ্য মন্ত্রণালয় হতে ২০০ জন সুবিধাভোগীর বরাদ্দ পাওয়া গেছে। যাহা ইউনিয়নের জনসংখ্যার অনুপাতে নিম্নের ছক মোতাবেক দেওয়া হলো। আপনার ইউনিয়নের সুবিধাভোগীর তালিকা ১৭ কলাম এক্সেল শীটে ইউনিয়ন খাদ্যবান্ধব কমিটি দ্বারা স্বাক্ষরপূর্বক ২৯/০১/২৬ ইং তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণের জন্য বলা হলো।

ক্র:নং	ইউনিয়নের নাম	উপকারভোগীর সংখ্যা	মন্তব্য
১	শাহাবাজপুর	২০	
২	দাইপুখুরিয়া	১৫	
৩	মোবারকপুর	১১	
৪	চককীর্তি	১৩	
৫	কানসাট	১৬	
৬	শ্যামপুর	১৫	
৭	দুর্লভপুর	২০	
৮	বিনোদপুর	১৫	
৯	মনাকষা	২০	
১০	উজিরপুর	৩	
১১	পাঁকা	৮	
১২	ঘোড়াপাখিয়া	৭	
১৩	ধাইনগর	১৪	
১৪	নয়ালাভাঙ্গা	১৫	
১৫	ছত্রাজিতপুর	৮	
	সর্বমোট	২০০	

সংযুক্তি: উপকারভোগীর পরিবার বাছাই  
নীতিমালা

  
২১/০১/২৬

(আশিক আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা খাদ্যবান্ধব কমিটি

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

চেয়ারম্যান,

শাহাবাজপুর/দাইপুখুরিয়া/মোবারকপুর/চককীর্তি/কানসাট/শ্যামপুর/দুর্লভপুর/বিনোদপুর/মনাকষা/উজিরপুর/পাঁকা/ঘোড়াপাখিয়া/ধাইনগর/নয়ালাভাঙ্গা/  
ছত্রাজিতপুর

স্মারক নং- ১৩.০১.৭০৮৮.০০০.৫৭.০৭৩.২৫.

তারিখ: ২১/০১/২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতির জন্য। (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, চাঁপাইনবাবগঞ্জ

৩। অফিস কপি।

  
২১/০১/২৬

উপজেলা নির্বাহী অফিসার

শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ

## উপকারভোগী পরিবার বাছাই:

১. ইউনিয়ন পর্যায়ে বসবাসরত নিম্ন আয়ের দরিদ্র জনসাধারণের মধ্যে থেকে হতদরিদ্র পরিবার সম্পর্কিত পরিসংখ্যান ব্যুরোর তথ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়ের উপজেলা দপ্তরে সংরক্ষিত ডিপি ( ডিস্টেস প্রাইওরিটি) লিস্ট ইত্যাদি বিবেচনা করে সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক পরিবারকে নির্বাচন করে খাদ্যবান্ধকব কর্মসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে;

২. খাদ্যবান্ধক কর্মসূচি নীতিমালা -২০২৪ জারির ৩ (তিন) মাসের মধ্যে বিদ্যমান উপকারভোগীদের তালিকা যাচাই-বাছাই করে উপকারভোগীদের হালনাগাদ তালিকা প্রস্তুত করতে হবে;

৩. নির্বাচিত পরিবারকে ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং পরিবার প্রধানের জাতীয় পরিচয়পত্র থাকতে হবে;

৪. নিম্নের অনুচ্ছেদে বিবৃত মানদণ্ডের ভিত্তিতে পরিবারকে চিহ্নিত করতে হবে;

### **৫. যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবে-**

ক) গ্রামে বসবাসরত সবচেয়ে হতদরিদ্র পরিবার; নিম্ন আয়ের মানুষ, ভূমিহীন, কৃষি শ্রমিক, দিনমজুর, উপর্জানে অক্ষম;

খ) বিধবা/তালাকপ্রাপ্তা/ স্বামী পরিত্যক্তা/অস্বচ্ছল বয়স্ক নারী প্রধান পরিবার এবং যে সব দুঃস্থ পরিবারে শিশু বা প্রতিবন্ধী রয়েছে তারা অগ্রাধিকার পাবে

### **৬. যাদেরকে অন্তর্ভুক্ত করা যাবেনা-**

ক) একই পরিবারের একাধিক ব্যক্তিকে তালিকাভুক্ত করা যাবে না;

খ) ভিজিডি কর্মসূচির সুবিধাপ্রাপ্তদের তালিকায় অন্তর্ভুক্ত করা যাবে না।